কোটচাঁদপুরে কিন্ডারগার্টেন অ্যাসোসিয়েশনের উদ্যোগে মানববন্ধন

কিন্ডারগার্টেন শিক্ষার্থীদেরকে সরকারী প্রাথমিক বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণের অধিকার থেকে বঞ্চিত না করে তাদেরকে এই পরীক্ষায় অংশগ্রহনের সুয়োগ প্রদানের দাবিতে ঝিনাইদহের কোটচাঁদপুরে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

কোটচাঁদপুর উপজেলা কিন্ডারগার্টেন অ্যাসোসিয়েশন এর উদ্যোগে বৃষ্টি ও প্রতিকুল আবহাওয়া উপেক্ষা করে গতকাল বুধবার সকাল ১১ টা থেকে ঘন্টাব্যাপি কোটচাঁদপুর উপজেলা পরিষদের সামনে মানবন্ধনটি চলে।

উপজেলার ১১ টি কিন্ডারগার্টেন স্কুলের চতুর্থ ও পঞ্চম শ্রেণীর দেড় শতাধিক শিক্ষার্থী ফেস্টুন হাতে মানবন্ধনে অংশ গ্রহন করেন।

কোটচাঁদপুর উপজেলা কিন্ডারগার্টেন অ্যাসোসিয়েশনের সভাপতি শাহজাহান আলী জানান ২০০৯ সাল থেকে সরকারী প্রাইমারি স্কুলের মতই মেধা যাচাইয়ের জন্য কিন্ডারগার্টেন শিক্ষার্থীদের বৃত্তি পরীক্ষায় অংশ নেয়ার সুয়োগ সৃষ্টি করা হয়।

সর্বশেষ ২০২২ সালে বৃত্তি পরীক্ষায় অংশ নেন কিন্ডারগার্টেন ও সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা। সরকারী নিদের্শনা মোতাবেক দুই বছর বন্ধ থাকার পর ২০২৫ সাল থেকে আবার বৃত্তি পরীক্ষা দেয়ার সুযোগ সৃষ্টি করা হলেও বঞ্চিত করা হয়েছে কিন্ডারগার্টেন শিক্ষার্থীদের।

যার প্রতিবাদে আজ এ মানবন্ধন বলে তিনি জানান। আমরা বৈষম্য নয় সাম্য চাই, সরকারী ও বেসরকারী সর্ব শিক্ষার্থীদের কে মেধা যাচাইয়ের জন্য বৃত্তিপরীক্ষায় অংশ গ্রহনের সুযোগ চান মানবন্ধনে অংশ নেয়া সব শিক্ষার্থীরা। মানবন্ধন শেষে উপজেলা নির্বাহী অফিসার বরাবর স্মারক লিপি প্রদান করা হয়।